

## ❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১৬৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৬৩]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩০২ : মৃত্যের জন্য মাতম করে কাঁদা, গাল চাপড়ানো, বুকের কাপড় ছিঁড়া, চুল ছেঁড়া, মাথা নেড়া করা ও সর্বনাশ ও ধ্বংস ডাকা নিষিদ্ধ

(302) بَابُ تَحْرِيمِ النَّيَاحَةِ عَلَى الْمَيِّتِ، وَلَطْمِ الْخَدِّ وَشَقِّ الْجَيْبِ وَتَنْفِ الشَّعْرِ وَحَلْقِهِ،  
وَالدُّعَاءِ بِالْوَيْلِ وَالْثُبُورِ

আরবী

وَعَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، قَالَ: اشْتَكَى سَعْدُ بْنُ عُבَادَةَ شَكْوَى رَضِيَ اللَّهُ عَنْهُ، فَأَتَاهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَعُوذُهُ مَعَ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ، وَسَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ، وَعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ . فَلَمَّا دَخَلَ عَلَيْهِ، وَجَدَهُ فِي غَشِيَةٍ فَقَالَ: «أَقْضَى؟» قَالُوا: لَا يَا رَسُولَ اللَّهِ، فَبَكَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَلَمَّا رَأَى الْقَوْمُ بُكَاءَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَكَوْا، قَالَ: «أَلَا تَسْمَعُونَ؟ إِنَّ اللَّهَ لَا يُعَذِّبُ بِدَمْعِ الْعَيْنِ، وَلَا بِحُزْنِ الْقَلْبِ، وَلَكِنْ يُعَذِّبُ بِهَذَا - وَأَشَارَ إِلَى لِسَانِهِ - أَوْ يَرْحَمُ» . متفق عليه

বাংলা

৭/১৬৭২। আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, সা'দ ইবনে উবাদাহ রাদিয়াল্লাহু আনহু একবার পীড়িত হলে আব্দুর রহমান ইবনে আওফ, সা'দ ইবনে আবী অক্কাস এবং আব্দুল্লাহ ইবনে মাসউদদের সাথে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর নিকট কুশল জিজ্ঞাসার জন্য গেলেন। যখন তিনি তাঁর নিকট উপস্থিত হলেন, তখন তাঁকে অজ্ঞান অবস্থায় পেলেন। তিনি জিজ্ঞাসা করলেন, "ও কি মারা গেছে?" লোকেরা জবাব দিল, 'হে আল্লাহর রাসূল! না [মারা যায়নি]।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেঁদে ফেললেন। সুতরাং লোকেরা যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কান্না করতে দেখল, তখন তারাও কাঁদতে লাগল। তিনি বললেন, "তোমরা কি শুনতে পাও না? নিঃসন্দেহে আল্লাহ চোখের অশ্রু ঝরাবার জন্য শাস্তি দেন না এবং আন্তরিক দুঃখ প্রকাশের জন্যও শাস্তি দেন না। কিন্তু তিনি তো এটার কারণে শাস্তি দেন অথবা দয়া করেন।" এই বলে তিনি নিজ জিভের প্রতি ইঙ্গিত করলেন। (বুখারী ও মুসলিম) [1]

## English

(302) Chapter: Prohibition of Bewailing the Deceased

Ibn 'Umar (May Allah be pleased with them) said:

The Messenger of Allah (ﷺ) visited Sa'd bin 'Ubadah during his illness. He was accompanied by 'Abdur-Rahman bin 'Auf, Sa'd bin Abu Waqqas and 'Abdullah bin Mas'ud (May Allah be pleased with them). When they entered his house, they found him unconscious. The Messenger of Allah asked, "Has he died?" They replied: "No, O Messenger of Allah." Hearing this the Messenger of Allah (ﷺ) began to weep. When his Companions saw this, they also began to weep too. He said, "Listen attentively: Allah does not punish for the shedding of tears or the grief of the heart, but takes to task or show mercy because of the utterances of this (and he pointed to his tongue)."

[Al- Bukhari and Muslim].

Commentary: We learn from this Hadith that grief and tears which occur involuntarily are not forbidden because they are quite natural, but if one starts crying and bewailing on such occasions, he will be sinful. The only permissible way of expressing one's grief in words is to say "Inna lillahi wa inna ilaihi raji'un" which means "Truly! To Allah we belong and truly, to Him we shall return." (2:156).

To visit the sick is a meritorious act as well as a right of a Muslim upon another Muslim. Depending upon the occasion, one is also recommended to offer sincere advice and Islamic teachings.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৩০৪, মুসলিম ৯২৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=30995>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন